

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১৯৯

তারিখঃ ০১/০৭/২০১৬খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০ টা।

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ০১.০৭.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

আবহাওয়ার সতর্ক বার্তা :

ভারতের উড়িষ্যা উপকূলের অদূরে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ বিরাজ করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগরে গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি হচ্ছে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ (আজ ০১.০৭.২০১৬ইং তারিখ সন্ধ্যা ৬.০০ পর্যন্ত)

টাংগাইল, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা, খুলনা, ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা : সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা ১-২ ডিগ্রী সেঃ হাস পেতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৫	৩২.৭	৩৪.৪	৩৪.৫	৩৪.৫	৩৪.২	৩৫.৪	৩৩.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.৬	২৭.২	২৫.৩	২৬.২	২৬.৫	২৫.২	২৬.৬	২৭.০

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৫.৪ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল তেঁতুলিয়া ২৫.২ ডিগ্রী সে।

০২। নদ-নদীর পানি হ্রাস/বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৯০ টি	পানি স্থিতিশীল রয়েছে	০৩ টি
পানি বৃদ্ধি পেয়েছে	২২ টি	তথ্য পাওয়া যায়নি	০৮ টি
পানি হ্রাস পেয়েছে	৫৭ টি	বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে	০ টি

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- কুশিয়ারা ব্যতীত সকল পধান নদ-নদীসমূহের পানি সমতল হাস পাচ্ছে।
- আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল হাস পেতে পারে।
- আগামী ৪৮ ঘন্টায় গঙ্গা-পদ্মা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।

০৩। গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯টা পর্যন্ত)

স্টেশন/জেলা নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)	স্টেশন/জেলা নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)
সুনামগঞ্জ	৬০.০	টেকনাফ	৫০.০

০৪। অগ্নিকান্ডঃ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষে থেকে ডিউটি অফিসার জানান যে, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নাই।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ
টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; মোবাইল নম্বরঃ ০১৭১১-৪৪৭২৭৬ এবং ০১৯৩৭-১৬৩৫৮২
ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০; Email: ndrcc@modmr.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যয়), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুঃব্যয়), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।